# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৯২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৭. সালাত সংক্ষিপ্ত করা

باب فِي تَخْفِيفِ الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ بَعْضِ، أَصْحَابِ النَّبِيِّ صلي الله عليه وسلم قَالَ قَالَ النَّبِيُّ صلي الله عليه وسلم لِرَجُلٍ " كَيْفَ تَقُولُ فِي الصَّلاَةِ " . قَالَ أَتَشَهَّدُ وَأَقُولُ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْجَنَّةَ وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ أَمَا إِنِّي لاَ أُحْسِنُ دَنْدَنَتَكَ وَلاَ دَنْدَنَةَ مُعَاذٍ . فَقَالَ النَّبِيُّ صلي الله عليه وسلم " حَوْلَهَا نُدَنْدِنُ " .

– صحيح

বাংলা

৭৯২। আবূ সালিহ (রহঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জনৈক সাহাবীর সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বললেন, তুমি সালাতে কি দু'আ পাঠ কর? লোকটি বলল, আমি তাশাহহুদ (তথা আত্তাহিয়্যাতু লিল্লাহি..) পাঠ করি এবং বলি 'আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল জান্নাতা ওয়া আ'উযুবিকা মিনান্ নার।' কিন্তু আমি আপনার ও মু'আযের অস্পষ্ট শব্দগুলো বুঝতে পারি না ( অর্থাৎ আপনি ও মু'আয কি দু'আ পড়েন তা বুঝতে সক্ষম হই না)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমরাও তার আশে-পাশে ঘুরে থাকি (অর্থাৎ জান্নাত প্রার্থনা করি)।[1]

সহীহ।

## English

Narrated Some Companions of the Prophet:

AbuSalih reported on the authority of some Companions of the Prophet (ﷺ): The Prophet (ﷺ) said to a person: what do you say in prayer?

He replied: I first recite tashahhud (supplication recited in sitting position), and then I say: O Allah, I ask Thee for Paradise, and I seek refuge in Thee from Hell-Fire, but I do not understand your sound and the sound of Mu'adh (what you say or he says in prayer). The Prophet (ﷺ) said: We too go around it (paradise and Hell-fire).

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ তাশাহুদে যা বলতে হয়, হাঃ ৯১০) আ'মাশ সূত্রে আবূ সালিহ থেকে আবূ হুরাইরাহ সূত্রে। যাওয়ায়িদে রয়েছে এর সনদ সহীহ এবং রিজাল নির্ভরযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ সালিহ যায়য়্যাত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58110

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন